গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-৩ শাখা

## ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশের লক্ষ্যে গঠিত কমিটির সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মল্লিক সাঈদ মাহবুব<br>যুগ্মসচিব |
| সভার তারিখ | ২২ আগস্ট ২০২১ |
| সভার সময় | বেলা ১১.০০ টা |
| স্থান | জুম অনলাইন প্ল্যাটফর্ম |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার প্রারম্ভে তিনি ২০১৯-২০ অর্থবছরে প্রকাশিত 'বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশনা কমিটি'র সকল সদস্যকে একটি তথ্যবহুল ও সুন্দর প্রচ্ছদে প্রতিবেদন প্রণয়ন ও প্রস্তুতকাজে সহযোগিতা করার জন্য ধন্যবাদ জানান। তিনি বলেন, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী প্রতিবছরের ন্যায় এবারও বার্ষিক প্রতিবেদন প্রকাশ করতে হবে। এবারের বার্ষিক প্রতিবেদনে ২০২০-২০২১ অর্থবছরে অর্জিত সাফল্য এবং মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকারের মেয়াদকালে এ বিভাগের আওতায় প্রণীত আইন ও বিধি এবং বিভিন্ন সেক্টরে গৃহীত নীতি-কৌশলের কারণে দেশের কাঠামোগত পরিবর্তন, অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন, দারিদ্র্য বিমোচনসহ গণমানুষের জীবনমান ও সামাজিক ক্ষেত্রে সাধিত উন্নয়ন সংক্রান্ত বিষয়বস্তুর প্রেক্ষিতে তাঁর দপ্তর সংশ্লিষ্ট তথ্যাদি সন্নিবেশনের নিমিত্ত আন্তরিকভাবে কাজ করার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানান।

সভাপতি, সভার আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ উপস্থাপন করার জন্য জনাব মোঃ আবদুল কাদির, উপসচিব (প্রশাসন-৩) ও সদস্য সচিব, 'বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশনা কমিটি'-কে অনুরোধ করেন।

অতঃপর তিনি আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। সদস্য সচিব সভাকে জানান, অক্টোবর, ২০২১ এর মধ্যে ২০২০-২১ অর্থবছরের প্রতিবেদন বই আকারে প্রকাশ করতে হবে। এ জন্য এখন থেকেই প্রতিবেদন প্রণয়ন কার্যক্রম শুরু করা প্রয়োজন। অন্যথায় নির্ধারিত সময়ে প্রতিবেদন প্রকাশ করা সম্ভব হবে না। ফলশ্রুতিতে এর জন্য নির্ধারিত নম্বর অর্জিত হবে না। বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|
| ১ | বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশনা কাজে দপ্তর/সংস্থা হতে প্রয়োজনীয় তথ্য-উপাত্ত সংযোজন/সন্নিবেশনের জন্য অধীন অধিদপ্তরসমূহ হতে জনাব মোঃ শাহজাহান শিকদার, উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, জনাব মোঃ ইসমাইল হোসেন, উপপরিচালক (প্রশাসন), ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, জনাব কাওয়ালিন নাহার, সহকারী কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর ও জনাব মোঃ মামুন, উপপরিচালক (প্রশাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এবং বিভাগের অনুবিভাগ হতে মনোনিত কর্মকর্তাগণকে এ প্রতিবেদন প্রস্তুতের সাথে সম্পৃক্ত থেকে নির্ধারিত সময়ের মধ্যে প্রতিবেদন প্রস্তুত ও প্রকাশের জন্য অর্পিত দায়িত্ব যথাযথভাবে সম্পাদনের জন্য অনুরোধ করা হলো। | ১. এ বিভাগের অনুবিভাগ হতে মনোনিত প্রতিনিধি/অধীন অধিদপ্তর হতে মনোনিত প্রতিনিধি/সদস্য সচিব, ২০২০-২১ অর্থবছরের জন্য গঠিত প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ কমিটি। |
| ২ | ২০১৯-২০২০ অর্থবছরে প্রকাশিত বার্ষিক প্রতিবেদনের কভার প্রচ্ছদ ডিজাইনের সম্মানী এখনো প্রদান করা হয়নি; প্রচ্ছদ ডিজাইনের এ কাজে উপযুক্ত সম্মানী প্রদান করার ব্যবস্থা গ্রহণ করতে হবে; | উপসচিব (প্রশাসন-২), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। |

| | | |
|---|---|---|
| ৩ | ১ জুলাই ২০২০ হতে ৩০ জুন ২০২১ পর্যন্ত সময়ে এ বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহের গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য অর্জনসমূহ ২০২০-২১ অর্থবছরের এ প্রতিবেদনে সন্নিবেশ করতে হবে। | ২০২০-২১ অর্থবছরের জন্য গঠিত প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ কমিটি। |
| ৪ | মাননীয় মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়-এর বাণী জনাব জাহিদুল ইসলাম, উপসচিব (অগ্নি-১ ও ২) এবং সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়-এর বাণী জনাব মোহাম্মদ আবু সাঈদ মোল্লা, উপসচিব (কারা-২) কর্তৃক খসড়া প্রস্তুতপূর্বক চূড়ান্ত কপিতে স্বাক্ষর গ্রহণ করে ০৯ সেপ্টেম্বর ২০২১-এর মধ্যে এ সংক্রান্ত কমিটির সদস্য সচিব বরাবর দাখিল করতে হবে। | ১. জনাব জাহিদুল ইসলাম, উপসচিব (অগ্নি-১ ও ২), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।<br>২. জনাব মোহাম্মদ আবু সাঈদ মোল্লা, উপসচিব (কারা-২), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। |
| ৫ | এ প্রতিবেদনে ২০০৯ খ্রিস্টাব্দ হতে ৩০ জুন ২০২১ পর্যন্ত সময়ে এ বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহের অর্জন/সমৃদ্ধির তুলনামূলক বিবরণী (প্রযোজ্য ক্ষেত্রে ছবিসহ) সন্নিবেশন করতে হবে। | এ বিভাগের সংশ্লিষ্ট অনুবিভাগের প্রতিনিধি এবং অধিদপ্তরের ফোকাল পয়েন্ট। |
| ৬ | ২০২০-২১ অর্থবছরের বার্ষিক প্রতিবেদনের ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের হালনাগাদ সন্নিবেশিত তথ্যাদি জনাব নাসরিন জাহান, উপসচিব(বহি-৪), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের তথ্যাদি জনাব মোহাম্মদ আবদুল্লাহ আল মামুন, উপসচিব (মাদক-১), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের হালনাগাদ তথ্যাদি জনাব জাহিদুল ইসলাম, উপসচিব (অগ্নি-১ ও ২) এবং কারা অধিদপ্তরের হালনাগাদ তথ্যাদি জনাব মোহাম্মদ আবু সাঈদ মোল্লা, উপসচিব (কারা-২), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক যাচাইপূর্বক প্রতিবেদনের সংশ্লিষ্ট অংশটি কমিটির সদস্য সচিব বরাবর নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করতে হবে; | ১.জনাব মোহাম্মদ আবদুল্লাহ আল মামুন,উপসচিব(মাদক-১), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।<br><br>২.জনাব নাসরিন জাহান, উপসচিব(বহি-৪),সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।<br><br>৩. জনাব জাহিদুল ইসলাম, উপসচিব(অগ্নি-১ ও ২), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।<br><br>৪. জনাব মোহাম্মদ আবু সাঈদ মোল্লা, উপসচিব (কারা-২), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।<br><br>৫. সদস্য সচিব, ২০২০-২১ অর্থবছরের জন্য গঠিত প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ কমিটি। |
| ৭ | বার্ষিক প্রতিবেদন প্রণয়নের লক্ষ্যে সুরক্ষা সেবা বিভাগের সকল অধিদপ্তর স্ব স্ব অবস্থানে থেকে ২০১৯-২০২০ অর্থবছরে প্রকাশিত প্রতিবেদনের বিষয়বস্তুর পরিপ্রেক্ষিতে তাঁর দপ্তর সংশ্লিষ্ট সংশোধিত অংশের হালনাগাদ তথ্যাদি এবং অন্যান্য গুরুত্বপূর্ণ কাজের বিবরণসহ আগামী ০৯ সেপ্টেম্বর ২০২১ তারিখ বেলা ১২.০০ ঘটিকার মধ্যে সফট কপিই-মেইল admin3@ssd.gov.bdযোগে এবং হার্ডকপি সরাসরি প্রশাসন-৩ শাখায় প্রেরণ করতে হবে। | |

| | | |
|---|---|---|
| ৮ | সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও চার অধিদপ্তর সংশ্লিষ্ট নির্বাচনী ইশতেহার, ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা, এসডিজি, এনআইএস, উত্তম চর্চা ইত্যাদি একই ফরমেটে একই পেইজে থাকবে। জনাব জাহিদুল ইসলাম, উপসচিব (অগ্নি-১ ও ২) বর্ণিত তথ্য প্রস্তুত ও সমন্বয় করবেন। | জনাব জাহিদুল ইসলাম, উপসচিব (অগ্নি-১ ও ২)। |
| ৯ | মুজিববর্ষ ও স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদযাপনের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহ কর্তৃক গৃহীত কর্মপরিকল্পনা মোতাবেক বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক প্রতিবেদন বার্ষিক প্রতিবেদনে যথাযথভাবে সন্নিবেশন করতে হবে। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট। |
| ১০ | গত অর্থবছরে উদ্ভাবন কার্যক্রমের (ইনোভেশন) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনের বিবরণ অন্তর্ভুক্ত করতে হবে। বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা (ইনোভেশন) পেইজে মন্ত্রিপরিষদ বিভাগ হতে এ বিভাগের অর্জন সম্পর্কে প্রাপ্ত পত্রের ছায়ালিপি অন্তর্ভুক্ত থাকবে। | ১.উপসচিব (প্রশাসন-৩) ও সদস্য সচিব, বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা (ইনোভেশন) টিম।<br><br>২. প্রোগ্রামার, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। |
| ১১ | বিভিন্ন প্রকল্পের উদ্দেশ্য ও সরাসরি উপকারভোগী কারা তা যথাযথভাবে প্রতিবেদনে তুলে ধরতে হবে। | ২০২০-২১ অর্থবছরের জন্য গঠিত প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ কমিটি। |
| ১২ | করোনাভাইরাস অর্থাৎ কোভিড-১৯ সময়কালে এ বিভাগ এবং অধীন অধিদপ্তরসমূহের যে সকল কর্মকর্তা/কর্মচারী মৃত্যুবরণ করেছেন সে সকল কর্মকর্তা-কর্মচারীর ছবিসহ নাম, পদবী ও কর্মস্থল প্রতিবেদনে উল্লেখ করতে হবে। | ২০২০-২১ অর্থবছরের জন্য গঠিত প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ কমিটি। |
| ১৩ | বার্ষিক প্রতিবেদনে ইতোমধ্যে সন্নিবেশিত ছবিসমূহের মধ্যে অপ্রাসঙ্গিক, বাহুল্য, বিবেচ্য অর্থবছরের বাইরের কোন ছবি থাকলে তা বাদ দিতে হবে। | ২০২০-২১ অর্থবছরের জন্য গঠিত প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ কমিটি। |
| ১৪ | প্রচ্ছদ: প্রত্যেক অধিদপ্তরের শুরুর পেইজে অধিদপ্তরের নাম, অধিদপ্তর সম্পর্কিত ১টি (মোবাইলে ধারণকৃত নয়) ছবি ও পরে জনগুরুত্বপূর্ণ/সেবামূলক ১টি শ্লোগান এর সমন্বয়ে চূড়ান্ত করা।<br><br>২০২০-২০২১ অর্থবছরে প্রকাশিতব্য বার্ষিক প্রতিবেদনে ছবি তুলে ধরার ক্ষেত্রে এ বিভাগ এবং অধিদপ্তর সংশ্লিষ্ট ছবির ক্যাপশনসহ ছবি কোন জায়গায় কি উদ্দেশ্যে তুলেছেন এবং ছবির গুণগত মান যেন ভালো থাকে সে বিষয়ে লক্ষ্য রাখতে হবে। | ২০২০-২১ অর্থবছরের জন্য গঠিত প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ কমিটি। |
| ১৫ | বাংলাদেশ : বর্তমান সরকারের অগ্রগতি ও সমৃদ্ধির মেয়াদ কাল, বার্ষিক প্রতিবেদন, ইনোভেশন, সিটিজেন চার্টার এবং নির্বাচনী ইস্তেহার ইত্যাদি বিষয়/প্রতিবেদন-এর প্রেক্ষাপটে তথ্য সংগ্রহ করে মেধা ও মননশীলতার সমন্বয়ে অল্প কথায় অধিক ভাবপ্রকাশক শব্দে সহজ ও প্রাঞ্জল ভাষায় বার্ষিক প্রতিবেদনের খসড়া প্রস্তুত করতে হবে। | ২০২০-২১ অর্থবছরের জন্য গঠিত প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ কমিটি। |
| ১৬ | আগামী ১৩.০৯.২০২১ তারিখ বেলা ১১,০০ টায় এতদ্বিষয়ে পরবর্তী সভা অনুষ্ঠিত হবে। | ২০২০-২১ অর্থবছরের জন্য গঠিত প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ কমিটি। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মল্লিক সাঈদ মাহবুব
যুগ্মসচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৪.১৬.০০১.২১.১৮৭ তারিখ: ১১ ভাদ্র ১৪২৮

২৬ আগস্ট ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) জনাব মোঃ হাবিবুর রহমান, যুগ্মসচিব পরিচালক (প্রশাসন ও অর্থ)-এর দপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর

২) জনাব মোহাম্মদ আবদুল্লাহ আল মামুন, উপসচিব, মাদক-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ

৩) জনাব নাসরিন জাহান, উপসচিব, বহিরাগমন-৪ শাখা, সুরক্ষা সেবা বিভাগ

৪) জনাব জাহিদুল ইসলাম, উপসচিব, অগ্নি-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ

৫) জনাব মোহাম্মদ মাসুদুর রহমান ভূইয়া, উপসচিব, শৃঙ্খলা অধিশাখা, সুরক্ষা সেবা বিভাগ

৬) জনাব মোহাম্মদ আবু সাঈদ মোল্লা, উপসচিব, কারা-২ শাখা, সুরক্ষা সেবা বিভাগ


৭) জনাব মোঃ আবুল কালাম তালুকদার, উপসচিব, প্রশাসন-২ শাখা, সুরক্ষা সেবা বিভাগ

৮) জনাব মোঃ আইয়ূব হোসেন, প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ

৯) জনাব মোহাম্মদ মামুন, উপপরিচালক, প্রশাসন, হিসাব ও অর্থ অধিশাখা, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

১০) জনাব মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক, প্রশাসন অধিশাখা, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর

১১) জনাব মোছাঃ কাওয়ালিন নাহার, সহকারী কারা মহাপরিদর্শক (প্রশিক্ষণ ও ক্রীড়া), কারা অধিদপ্তর



মোঃ আবদুল কাদির
উপসচিব